

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি:প্রিপারেটরী

বিষয়:নীতি গল্প

একক:সারস ও শিয়াল(25-26পাতা)

দুএক কথায়, সংক্ষেপে উত্তর দাও:

1)সারসটি কোথায় রোজ উড়ে আসতো কেন?

উঃসারসটি রোজ জলার ধারে উড়ে আসত মাছ ধরার জন্য।

2)শিয়ালটি কোথায় থাকতো?

উঃশিয়ালটি জলার পাড়ে এই একটি গর্তে থাকত।

3)শিয়ালের কোন কথায় সারস খুব খুশি হয়েছিল ?

উঃশিয়াল সারসকে তার নিজের বাড়িতে নেমন্তন্ন করেছিল। তাই সারস খুশি হয়েছিল।

4)শিয়াল সারস কে কিভাবে খাবার পরিবেশন করেছিল?

উঃশিয়াল সারসকে কানা নিচু খালায় ঝোল পরিবেশন করেছিল।

5)শিয়াল কিভাবে ঝোল খেয়েছিল?

উঃশিয়াল খালার ঝোল চেটে চেটে খেয়ে নিয়েছিল।

6)সারস কি খালার ঝোল খেতে পেরেছিল ?

উঃসারস তার সরু ঠোঁট দিয়ে খালার সামান্য ঝোল খেতে পারেনি।

7)শিয়াল কিভাবে সারসকে অপমান করেছিল?

উঃশিয়াল জানত, যে সারস নিচু খালায় খেতে পারেনা।তাসঙ্গেও শিয়াল সারস কে নেমন্তন্ন করে ইচ্ছা করে নিচু খালায় ঝোল পরিবেশন করেছিল,যাতে সারস খেতে না পারে। এভাবেই সারসকে শিয়াল অপমান করেছিল।

8)সারস কিভাবে তার অপমানের প্রতিশোধ নিয়েছিল?

উঃসারস শিয়ালকে একটি গলা সরু পাত্রে ঝোল খেতে দিয়েছিল,যাতে শিয়াল খেতে না পারে।

9)শিয়াল খিদের চোটে কি করেছিল?

উঃশিয়াল খিদের চোটে পাত্রের গা চেটেছিল।

10)সারসের বাড়ি থেকে ফিরে শিয়াল মনে মনে কি ভেবেছিলো?

শিয়াল ভেবেছিল,যে সারস তার গতদিনের অপমানের শোধ নিয়েছে।

11)গল্পটি পড়ে কি শিখলে?

উঃযে যেমন কর্ম করবে, সে সেরকমই ফল পাবে।

বই ভালোভাবে রিডিং পড়বে.

প্রশ্নোত্তর গুলো ভালভাবে পড়বে

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।